গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৩০/২০১৭-১৮

ঢাকা, শনিবার, ২৬ মে ২০১৮, ১২ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পশ্চিমবঙ্গে শান্তি নিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধন করেন
প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

২। বন্ধুত্বপূর্ণ পরিবেশেই সব সমস্যার সমাধান করব :
শান্তিনিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠক অনুষ্ঠিত

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বৈঠক আজ

৫। কবি নজরুলের জাতীয়তাবোধ বাঙালির প্রেরণার উৎস : ত্রিশালে জন্মবার্ষিকীর অনুষ্ঠানে রাষ্ট্রপতি

৬। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকো ঠাকুরবাড়ি পরিদর্শন করেন প্রধানমন্ত্রী

৭। পশ্চিমবঙ্গের আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে
প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডি-লিট ডিগ্রি দেয়া হবে আজ

৮। মাদক ব্যবসায়ী যে দলেরই হোক ছাড় দেওয়া হবে না : সেতুমন্ত্রী

৯। উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায়
বিল নিষ্পত্তি ও চেক ইস্যু করা যাবে ৩০ জুন পর্যন্ত : অর্থ বিভাগের প্রজ্ঞাপন

চলমান পাতা-২

১। পশ্চিমবঙ্গে শান্তি নিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল (২৫ মে শুক্রবার) পশ্চিমবঙ্গে শান্তি নিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে এক আনন্দঘন অনুষ্ঠানের মধ্য দিয়ে 'বাংলাদেশ ভবন' উদ্বোধন করেন। এছাড়াও শান্তি নিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনেও অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সমাবর্তনে সভাপতিত্ব করেন বিশ্বভারতীর আচার্য ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সমাবর্তন শেষে শান্তি নিকেতনে বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মিত 'বাংলাদেশ ভবন'-এর উদ্বোধন করেন দুই প্রধানমন্ত্রী। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে দুই দিনের সরকারি সফরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল কলকাতা পৌঁছান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শান্তি নিকেতনের রবীন্দ্র ভবনে পৌঁছালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাঁকে অভ্যর্থনা জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রবীন্দ্র ভবনে রবীন্দ্র চেয়ারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বভারতীর সমাবর্তনে সম্মানিত অতিথি হিসেবে যোগদান করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)। **সংবাদ, ইত্তেফাক, সমকাল, নিউজ টুডে, ডেইলি স্টারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। বন্ধুত্বপূর্ণ পরিবেশেই সব সমস্যার সমাধান করব : শান্তিনিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে কিছু সমস্যা রয়েছে, যা প্রতিবেশী দেশ হিসেবে থাকাটাই স্বাভাবিক। আন্তরিকতা থাকলে সে সব সমস্যা যে মেটানো সম্ভব, তা দু'দেশ বারবার প্রমাণ করেছে। তিনি আরও বলেন, ১৯৯৬ সালে গঙ্গা নদীর পানিবণ্টন চুক্তি এবং ২০১৫ সালে স্থলসীমানা চুক্তি সম্পাদিত হয়। ভারতের সংসদের সব সদস্যের সমর্থনে স্থলসীমানা বিলটি পাস হয়। ছিটমহল বিনিময়ের মধ্য দিয়ে বিশ্বে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে দুই দেশ। এত উৎসবমুখর পরিবেশে এবং শান্তিপূর্ণভাবে বিশ্বে কোথাও ছিটমহল বিনিময় হয়নি। বন্ধুপ্রতিম দুই রাষ্ট্রের মধ্যে যে কোনো সমস্যা বন্ধুত্বপূর্ণ পরিবেশেই সমাধান করতে পারব। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে দীর্ঘদিনের কৌশলগত বন্ধুত্ব বিশ্বের কাছে দ্বিপক্ষীয় সম্পর্কের মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। উভয় দেশ সহযোগিতার এ মনোভাব ভবিষ্যতেও অব্যাহত রাখবে। গতকাল (২৫ মে শুক্রবার) পশ্চিমবঙ্গে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত 'বাংলাদেশ ভবন' ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে যৌথভাবে উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বৈঠক অনুষ্ঠিত

শান্তি নিকেতনে বাংলাদেশ ভবন উদ্বোধনের পর সেখানেই দ্বিপাক্ষিক বৈঠকে বসেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ঘণ্টা খানেকের দ্বিপাক্ষিক আলোচনায় অমিমাংসিত তিস্তার পানি বণ্টন, রোহিঙ্গা ইস্যুসহ বাংলাদেশ ও ভারতের বিভিন্ন ইস্যু উঠে আসে। সংশ্লিষ্ট সূত্র জানায়, দুই জনের মধ্যে বন্ধুত্বপূর্ণ পরিবেশে আলোচনা হয়েছে। তিস্তা ইস্যুটির বিষয়ে বন্ধুত্বপূর্ণ মনোভাব পোষণ করে মোদি সৌহার্দ্যপূর্ণ পরিবেশে এর সমাধান হবে বলে জানিয়েছেন। রোহিঙ্গা ইস্যুতেও প্রয়োজনীয় পরিস্থিতি অনুযায়ী ভারত পাশে থাকবে বলে জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৪।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বৈঠক আজ**

ভারতের পশ্চিমবঙ্গ সফরের দ্বিতীয় দিনে আজ (২৬ মে শনিবার) কলকাতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মধ্যে বৈঠক হবে। মূল সফরসূচিতে এ বৈঠকের উল্লেখ না থাকলেও পরে এ বৈঠকের সময় যোগ করা হয়। কূটনৈতিক সূত্রে এ তথ্য পাওয়া গেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৫।	কবি নজরুলের জাতীয়তাবোধ বাঙালির প্রেরণার উৎস : ত্রিশালে জন্মবার্ষিকীর অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বাংলা সাহিত্যের অন্যতম পথিকৃত ও জাতীয় জাগরণের কবি কাজী নজরুল ইসলাম। তাঁর কালজয়ী প্রতিভা ও জীবন দর্শন, মানবিক মূল্যবোধের স্ফুরণ, সমৃদ্ধ লেখনী বাংলা সাহিত্যের এক অমূল্য সম্পদ। নজরুল শুধু বাংলার জাতীয় কবিই নন, তিনি জাগরণের কবি, সাম্যের কবি। তিনি ছিলেন শোষণ, বঞ্চনা, অত্যাচার, কুসংস্কার ও পরাধীনতার বিরুদ্ধে। ব্রিটিশবিরোধী আন্দোলন, ঊনসত্তরের গণঅভ্যুত্থান, আমাদের জাতীয় সংগ্রাম এবং মহান মুক্তিযুদ্ধসহ সব গণতান্ত্রিক আন্দোলনে নজরুলের লেখনী আমাদের উজ্জীবিত করেছে। তাঁর জাতীয়তাবোধ বাঙালির অনন্ত প্রেরণার উৎস। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের **১১৯**তম জন্মবার্ষিকী উপলক্ষে কবির বাল্য স্মৃতিবিজড়িত ময়মনসিংহের ত্রিশালের দরিরামপুরে নজরুল মঞ্চে জাতীয় পর্যায়ে তিন দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানমালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৬।	কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকো ঠাকুরবাড়ি পরিদর্শন করেন প্রধানমন্ত্রী**

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকো ঠাকুরবাড়ি পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় রবীন্দ্রনাথের জন্ম ও প্রয়াণ স্থান দেখে আবেগাপ্লুত হয়ে পড়েন প্রধানমন্ত্রী। তিনি বলেন, জোড়াসাঁকো ঠাকুরবাড়ি বাঙালি ঐতিহ্যের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও পবিত্র স্থান। এখানে বাংলাদেশ গ্যালারি স্থাপন করা হবে। গতকাল (২৫ মে শুক্রবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা পশ্চিমবঙ্গের শান্তিনিকেতনে বিশ্বভারতীর সমাবর্তনে যোগদান এবং বাংলাদেশ ভবন উদ্বোধন শেষে সফরসঙ্গীদের নিয়ে কলকাতায় আসেন। এরপর তিনি কলকাতায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে যান। এ সময় তাঁর সঙ্গে ছিলেন ছোট বোন শেখ রেহানা এবং সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৭।	পশ্চিমবঙ্গের আসানসোলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে**
প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডি-লিট ডিগ্রি দেয়া হবে আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আজ (২৬ মে শনিবার) সম্মানসূচক ডি-লিট ডিগ্রি প্রদান করবে আসানসোলের কাজী নজরুল বিশ্ববিদ্যালয়। সেখানে এক বিশেষ সমাবর্তনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষণ দেবেন। পরে তিনি মেধাবী শিক্ষার্থীদের হাতে স্বর্ণপদক তুলে দেবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**৮।	মাদক ব্যবসায়ী যে দলেরই হোক ছাড় দেওয়া হবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মাদক ব্যবসায়ীরা যে দলেরই হোক, কাউকে ছাড় দেওয়া হবে না। তিনি জনপ্রতিনিধি হোন, নেতা হোন, বড় রাজনীতিক হোন-কেউ ছাড় পাবেন না। গতকাল (২৫ মে শুক্রবার) নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার আধুরিয়া এলাকায় 'ঢাকা-সিলেট জাতীয় মহাসড়কে যানজট নিরসনকল্পে করণীয় নির্ধারণ' শীর্ষক এক সভায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, ঈদ সামনে রেখে যানজট সহনীয় পর্যায়ে আনার লক্ষ্যে ফিটনেসবিহীন গাড়ি, অবৈধ নছিমন, করিমন চলাচল বন্ধ করতে হবে। সাধারণ মানুষের সুবিধার্থে কোনো ভিআইপি যদি আইন ভঙ্গ করে গাড়ি চালিয়ে যায়, তাহলে তাদের বিরুদ্ধে পুলিশ প্রশাসন যথাযথ ব্যবস্থা নেবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

৯। **উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায়**
বিল নিষ্পত্তি ও চেক ইস্যু করা যাবে ৩০ জুন পর্যন্ত : অর্থ বিভাগের প্রজ্ঞাপন

নিরীক্ষক কর্তৃক যথাযথভাবে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও শৃঙ্খলার স্বার্থে চলতি ২০১৭-১৮ অর্থবছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় অর্থ ছাড়ের জন্য সব মন্ত্রণালয় ও দফতরগুলোকে চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত সময় বেঁধে দিয়েছে সরকার। এর বিপরীতে আগামী ৩০ জুন পর্যন্ত উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যু করা যাবে। সম্প্রতি অর্থ বিভাগ থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র- **সংবাদ** (পৃ.১৪,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** স্বরাষ্ট্রমন্ত্রীর হাতে আগ্নেয়াস্ত্র জমা দিয়ে সুন্দরবনের জলদস্যু বাহিনীর আত্মসমর্পণের বিষয় তুলে ধরে আড়ালে কলকাঠি নাড়া গডফাদারদের মূলোৎপাটন করতে না পারলে সুন্দরবনকে দস্যুদের কবল থেকে সম্পূর্ণ ঝুঁকিমুক্ত করা যাবে না বলে অভিমত।

খ. **জনকণ্ঠ :** প্রাথমিকা শিক্ষার মানোন্নয়নে একনেক সভায় একাধিক প্রকল্প অনুমোদনের বিষয়কে ইতিবাচক বলে উল্লেখ করে অবকাঠামো বিনির্মাণসহ শিক্ষকদের নিবিড় প্রশিক্ষণের ব্যবস্থা করার সুপারিশ।

গ. **প্রথম আলো :** রুগ্ন শিল্পকারখানাকে বাঁচাতে নতুন করে ঋণ দেওয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে এফবিসিসিআই ব্যাংকিং খাতে নজরদারি বাড়ানোর যে পরামর্শ দিয়েছে সে বিষয়ে আলোকপাত করা হয়েছে।

ঘ. **যুগান্তর :** 'একটি বাড়ি একটি খামার' প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঙ. **সমকাল :** ভুল চিকিৎসায় কুষ্টিয়া ও কিশোরগঞ্জে রোগীর জীবনাশঙ্কা দেখা দেওয়ায় ঘটনা দু'টির প্রতিকার করাসহ ভুল চিকিৎসার জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** বায়ুদূষণের কারণে প্রতিদিন জাতীয় বক্ষব্যাধি হাসপাতালে ৫০০ থেকে ৬০০ অ্যাজমা রোগী চিকিৎসা নিতে আসার বিষয় তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে বায়ুদূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা।

জ. **অবজারভার :** প্রস্তাবিত ডিজিটাল নিরাপত্তা বিল পুনরায় সংশোধন করার সরকারি পরিকল্পনাকে স্বাগত জানিয়ে তার যথাযথ প্রতিফলনের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

#

শুকলা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা